



রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি
চরবাগমারা, রাজবাড়ী।



স্মারক নং-২৭.১২.৮২০০.৫৫৭.০৭.০২২.২৪. ৪৮

তারিখঃ-০৪/০২/২০২৪ ইং।

দরপত্র বিজ্ঞপ্তি

রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতির তালিকাভুক্ত স্থায়ী পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে (১০০-৪১/৪২) অনুযায়ী ডিপোজিট/রক্ষণাবেক্ষণ এর আওতায় লাইন নির্মাণ, অপসারণ ও স্থানান্তর কাজের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানের সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের বিবরণ:

ক্র. নং	বিড প্যাকেজ নং	সমিতির নাম	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য (টাকা)	মাইলেজ (কিঃমিঃ)	আনেষ্টমানির পরিমাণ (৩%)	কার্য সময়	বিড প্যাকেজের মূল্য (অফেরৎ যোগ্য)
০১	২০/২০২৩-২৪	রাজবাড়ী	প্যাকেজ নং-২০/২০২৩-২৪ ১০০-৪২ (ডিপোজিট) এর আওতায়, লাইন নির্মাণ, অপসারণ ও স্থানান্তর (বাপবিবো স্ট্যান্ডার্ড ও স্পেসিফিকেশন) অনুযায়ী।	৫,০০,০০০/=	--	১৫,০০০/=	২ মাস (৬০দিন)	১০০০.০০
০২	২১/২০২৩-২৪	রাজবাড়ী	প্যাকেজ নং-২১/২০২৩-২৪ ১০০-৪১(রক্ষণাবেক্ষণ) এর আওতায়, লাইন নির্মাণ, অপসারণ ও স্থানান্তর (বাপবিবো স্ট্যান্ডার্ড ও স্পেসিফিকেশন) অনুযায়ী।	৫,০০,০০০/=	--	১৫,০০০/=	২ মাস (৬০দিন)	১০০০.০০
০৩	২২/২০২৩-২৪	রাজবাড়ী	প্যাকেজ নং-২২/২০২৩-২৪ ১০০-৪১(রক্ষণাবেক্ষণ) এর আওতায়, লাইন নির্মাণ, অপসারণ ও স্থানান্তর (বাপবিবো স্ট্যান্ডার্ড ও স্পেসিফিকেশন) অনুযায়ী।	৫,০০,০০০/=	--	১৫,০০০/=	২ মাস (৬০দিন)	১০০০.০০

শর্তাবলী:

১। দরপত্র দলিল অত্র সমিতির ০৪/০২/২০২৪ ইং হতে আগামী ১৫/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ১০০০.০০ টাকা সমিতির ক্যাশ শাখায় নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

২। পবিস নির্দেশিকা ১০০-৪১/৪২ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সর্বোচ্চ ৫% নিম্নদরে দাখিল করা যাবে।

৩। প্রতিটি দরপত্র দাখিলের সময়ে বর্ণিত আনেষ্টমানি প্রাক্কলিত মূল্যের ৩%, রাজবাড়ী পল্লী বিদ্যুৎ সমিতি, চরবাগমারা, রাজবাড়ী এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক (বাপবিবো ও পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আনেষ্টমানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।

৪। দরপত্র সমূহ আগামী ১৮/০২/২০২৪ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসের রক্ষিত টেন্ডার বক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকা ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।

৫। দাখিলকৃত দরপত্রে প্রয়োজনীয় সকল দলিলাদিতে সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্বাক্ষর ও সিল সঠিক হতে হবে।

৬। চুক্তি সম্পাদনকালে এবং প্রতিনিধিকে মালামাল লেনদেনের ক্ষমতা প্রদানকালে নির্মাণ ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীকে স্ব-শরীরে উপস্থিত হতে হবে।

৭। ক্ষমতাপত্রে মালিকের এবং ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির ছবি সংযুক্ত রাখতে হবে যার উভয় ছবির পিছনে মালিকের স্বাক্ষর ও সিল থাকতে হবে।

৮। উক্ত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উক্ত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহন করা হবে না।

৯। প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহনকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

১০। সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিসের দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য়, ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারন করবেন।

১১। যে দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাকে কার্যাদেশ ইস্যু করা হবে।

১২। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস ও বাপবিবোর্ড কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৩। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরন করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে।

১৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য স্থায়ী/অস্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন করা হয়েছে শুধুমাত্র সেসব মিনি ঠিকাদারগণ দরপত্রে অংশ গ্রহন করতে পারবেন।

১৫। ২০২৩-২০২৪ অর্থ বছরে স্থায়ী/অস্থায়ী পূর্বযোগ্যতা নবায়ন না হলে সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হলেও কার্যাদেশ প্রদান করা হবে না।

১৬। কোন প্রতিষ্ঠানের কার্যাদেশ/কাজ চলমান থাকলে নতুন করে কোন কার্যাদেশ ইস্যু করা হবে না।

১৭। দাখিলকৃত কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষন করে।

মো:মকবুল হোসেন
সিনিয়র জেনারেল ম্যানাজিং

অনুলিপিঃ

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর-সদয় অবগতির জন্য।
- ২। নির্বাহী প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
- ৩। ডিজিএম (কারিগরী)-সদর দপ্তর, রাপবিস।
- ৪। এজিএম (অর্থ/প্রশাসন), রাজবাড়ী পবিস
- ৫। এজিএম(আইটি) (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)
- ৬। নোটিশ বোর্ড, রাপবিস।
- ৭। অফিস/মাষ্টার কপি।

মো: শহিদুল ইসলাম
এজিএম (ইএন্ডসি) অ:দা: